## শিবচর উপজেলা পরিষদের ২০২৩ সনের ৪র্থ (এপ্রিল) মাসের মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আঃ লতিফ মোল্লা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ২৩-০৫-২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-০১।গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি গত ২৭-৪-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। তিনি বলেন যে, ২০২২-২৩ অর্থ বছর প্রায় শেষের দিকে। তাই ইউনিয়ন পর্যায়ে যে সকল প্রকল্প আছে তা দ্রুত শেষ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা দেন।

**আলোচ্য সূচি-০২। বিভাগভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ**

**(ক) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুর এর প্রতিনিধি বলেন যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(খ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, কোরবানী পশুর হাটে গবাদিপশু হঠাৎ করে অসুস্থ্য হলে তাৎক্ষণিক চিকিৎসা সেবা প্রদানের জন্য ফ্রি ভেটেরিনারী মেডিক্যাল ক্যাম্প করা হবে। এছাড়া গবাদি পশু ও হাঁস-মুরগীর চিকিৎসা সেবা ও ভ্যাকসিনসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(গ)উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, সারের দাম সরকারী মূল্যে বিক্রি করা হচ্ছে। সারের দাম সরকারী নির্ধারিত মূল্যের চেয়ে যাতে দোকানদারগণ বেশী দামে বিক্রি করতে না পারে সে বিষয়ে মনিটরিং করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।
উপজেলা নির্বাহী অফিসার, শিবচর বলেন যে, সার ও কীটনাশক দোকানগুলোতে মনিটরিং করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঘ) এল,জি,ই,ডি বিভাগ ঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ইউনিয়ন পর্যায়ে যে সকল প্রকল্প আছে তা ১০ জুনের মধ্যে কাজ শেষ করতে হবে। কাজের মান যেন সন্তোষজনক হয় সেদিকে খেয়াল রাখার জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে পরামর্শ দেন।

(ক) সভায় উপজেলা প্রকৌশলী আরোও জানান যে, চলতি এর ২০২২-২৩ অর্থ বৎসরে **"উপজেলা রাজস্ব তহবিল"**-এর আওতায় ০২ (দুই)টি স্কীম গ্রহন করে ০২ (দুই)টি প্যাকেজ এর স্কীম জরুরী ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্তে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম পদ্ধতি) তে দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করা প্রয়োজন।

**উপজেলা রাজস্ব তহবিল (ইউআরএফ) ঃ স্কীম সমূহ নিম্নরূপ ঃ**

| ক্রঃ নং | স্কীমের নাম | প্রাক্কলিত ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | চলতি ২০২২-২৩ অর্থ বৎসরে "উপজেলা রাজস্ব তহবিল (টজঋ)" এর আওতায় অত্র শিবচর উপজেলা পরিষদের রজনী গন্ধা এবং সূর্য্যমূখী কোয়ার্টার মেরামত কাজ। | ১০,০০,০০০.০০ | |
| ২. | চলতি ২০২২-২৩ অর্থ বৎসরে "উপজেলা রাজস্ব তহবিল (টজঋ)" এর আওতায় অত্র শিবচর উপজেলা পরিষদের কেন্দ্রীয় পাম্প মেরামত কাজ। | ৩,৫০,০০০.০০ | |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের **"উপজেলা রাজস্ব তহবিল (টজঋ)"** -এর আওতায় ০২ (দুই)টি স্কীম গ্রহন করে ০২ (দুই)টি প্যাকেজ এর স্কীম সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্তে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম পদ্ধতি) তে দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করতঃ বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। চলতি অর্থ বৎসরের বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট **"উপজেলা রাজস্ব তহবিল (টজঋ)"**-এর অর্থ থেকে **সর্বমোট=১৩,৫০,০০০.০০ (তের লক্ষ পঁঞ্চাশ হাজার টাকা) মাত্র** ঠিকাদারের চুড়ান্ত বিলের পাওনা পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ)ঃ**

(খ) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি এর ২০২২-২৩ অর্থ বৎসরে উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন, উপজেলা গেজেটেড কর্মকর্তার বাস ভবন এবং উপজেলা ডরমেটরী ভবন নির্মানের নিমিত্তে জরুরী ভিত্তিতে মাটি পরীক্ষা (সয়েল টেষ্ট) এবং ডিজিটলি টপো সার্ভে করা প্রয়োজন। উক্ত তিনটি নতুন ভবনের মাটি পরীক্ষা (সয়েল টেষ্ট) এবং ডিজিটলি টপো সার্ভে করণ কাজের জন্য **টা=১,৯৫,০০০.০০ (এক লক্ষ পঁচানব্বই হাজার টাকা) মাত্র** প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহা অনুমোদনের নিমিত্তে উপস্থাপন করা হলো।

| ক্রঃ নং | বিবরণ | সয়েল টেষ্ট | টপো সার্ভে | মোট টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন নির্মাণ | ৫০,০০০.০০ | ১৫,০০০.০০ | ৬৫,০০০.০০ |
| ২. | উপজেলা গেজেটেড কর্মকর্তার বাস ভবন নির্মাণ | ৫০,০০০.০০ | ১৫,০০০.০০ | ৬৫,০০০.০০ |
| ৩. | উপজেলা ডরমেটরী ভবন নির্মাণ | ৫০,০০০.০০ | ১৫,০০০.০০ | ৬৫,০০০.০০ |
| | সর্বমোট= | ১,৫০,০০০.০০ | ৪৫,০০০.০০০ | ১,৯৫,০০০.০০ |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের **"উপজেলা উন্নয়ন তহবিল (টউঋ)"** -এর আওতায় ০৩ (তিন)টি নতুন ভবন নির্মাণ এর নিমিত্তে জরুরী ভিত্তিতে মাটি পরীক্ষা (সয়েল টেষ্ট) এবং ডিজিটলি টপো সার্ভে করণ কাজ বাস্তবায়নের নিমিত্তে **(টউঋ)"** দরপত্র পদ্ধতি (ওটিএম পদ্ধতি) তে দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করতঃ বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। চলতি অর্থ বৎসরের বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট **"উপজেলা উন্নয়ন তহবিল (টউঋ)"** -এর অর্থ থেকে **সর্বমোট টা=১,৯৫,০০০.০০ (এক লক্ষ পঁচানব্বই হাজার টাকা) মাত্র** ঠিকাদারের চুড়ান্ত বিলের পাওনা পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নের** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

(ঙ) **প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(চ) **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভায় জানান যে, পারফরমন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইনস্টিটিউশনস এর আওতায় শিবচর নন্দকুমার মডেল ইনস্টিটিউশন, সালেহ আদর্শ উচ্চ বিদ্যালয়, পাচ্চর উচ্চ বিদ্যালয়সহ ১১(এগার)টি শিক্ষা প্রতিষ্ঠানে ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা করে অনুদান প্রাপ্তির জন্য নির্বাচিত হয়েছে। এছাড়া ইউনিক আইডির কাজ চলমান রয়েছে।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ছ) **উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, জাটকা সংরক্ষণ অভিযান নিয়মিত ভাবে পরিচালিত হচ্ছে এবং দরিদ্র জেলেদের বিকল্প কমসংস্থানের উপকরণ বিতরণের তালিকা ইউপি চেয়ারম্যানের নিকট হতে যাচাই বাছাই করে প্রস্তুত করা হচ্ছে এবং বিতরণের প্রস্তুতি নেয়া হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(জ) **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, ২০২২-২৩ অর্থবছরে বয়স্ক, বিধবা এবং প্রতিবন্ধীস সকল ভাতার ৪র্থ কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে এবং কোরবানী ঈদের পূর্বেই সকল ভাতা ভোগীর বিকাশ নম্বরে ভাতার অর্থ পেয়ে যাবে। তি আরও বলেন যে, কোন ভাতা ভোগী বিকাশে টাকা না পাইলে সমাজ সেবা অফিসে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। তি আরও বলেন যে, যদি কোন ভাতাভোগী বিকাশ নম্বর পরিবর্তন করতে চান তাহলে সমাজ সেবা অফিসে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তারবিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঝ) **উপজেলা নির্বাচন অফিসঃ** জনাব এস.এম.এ কাদের, উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর বলেন, তার বিভাগের সকল কার্যক্র সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঞ) **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচর সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠু চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ট) পল্লী বিদ্যুৎ বিভাগঃ** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, মে/২৩ মাস প্রায় শেষের দিকে। আগামী জুন /২৩মাসে মন্ত্রণালয়/অধিদপ্তর থেকে বাজেট পাওয়া যাবে। সেজন্য তিনি জুন/২০২৩ মাসের মধ্যে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, শিবচরে বিদ্যুতের কোন প্ল্যান আছে কি-না জানতে চাইলে ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, গ্রাহক সেবার স্বার্থে সন্ন্যাসীচর অফিসকে সাফ জোনাল অফিস করার জন্য পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। উক্ত প্রস্তাব অনুমোদন হলে এলাকায় গ্রাহকগণ আরও উন্নত সেবা পাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঠ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে অবহিত করেন যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ড) উপজেলা ত্রাণ বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে বলেন যে, টি,আর/কাবিখা/কাবিটা ও অন্যান্য প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

(ঢ) **উপজেলা সমবায় অফিসঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ণ) উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক , শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ১৫/-টাকা কেজি চাউল খাদ্য বান্ধব কর্মসূচী ৫মাস সুষ্ঠুভাবে চলমান থাকায় চলতি অর্থবছরে বাদ পড়া তালিকা ইউপি চেয়ারম্যান কর্তৃক ৩১/৫/২০২৩ তারিখের মধ্যে খাদ্য অফিসে প্রেরণের কথা থাকলে মাত্র ১২জন ইউপি চেয়ারম্যানের কাছ থেকে তালিকা পাওয়া গেছে যা অসংখ ভুল ত্রুটি পরিলক্ষিত হয়েছে। বাকী ইউনিয়নগুলো আপলোড করার সুবিধার্থে হার্ডকপি এবং সফট কপি অত্রাফিসে দ্রুত প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, শিবচর ইউনিয়ন যেহেতু বিলুপ্ত হয়েছে , তাই খাদ্য বান্ধব কর্মসূচির নীতিমালা অনুযায়ী ইউনিয়ন বিলুপ্ত হওয়ার সাথে সাথে নির্ধারিত কার্ডগুলো বিলুপ্ত করার জন্য খাদ্য অধিদপ্তরের উর্ধ্বতন কর্তৃপক্ষ নির্দেশনা প্রদান করেছেন। ওএমএস কার্যক্রম আপাতত বন্ধ আছে। অভ্যন্তরীন আমন সংগ্রহ ২০২৩ জোরদার করার জন্য সভাপতি, সংগ্রহ ও মনিটরিং কমিটি, শিবচরের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। এ ছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ত) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, শিবচর বলেন যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(থ) উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , শিবচর সভাকে জানান যে, এন.এস.পি (ন্যাশনাল সার্ভিস কর্মসূচি) মেয়াদ ৩১শে আগস্ট,২০২৩ তারিখে শেষ হবে। শিবচর উপজেলায় মোট ৪৯০ জনের মধ্যে বর্তমানে ৪১০ জন এন.এস.পি সদস্য বিভিন্ন দপ্তরে কর্মরত আছেন। ডিসেম্বর /২০২২ মাস পর্যন্ত তাদের কর্মভাতা দেয়া হয়েছে। জানুয়ারী/২৩ হতে মে/২০২৩ মাস পর্যন্ত প্রায় ০৫ মাস তাদের কোন কর্ম ভাতা দেয়া হয়নি। বর্তমানে কর্মরত এন.এস.পি সদস্যদের বেতনের প্রত্যয়নের জন্য ইউপি চেয়ারম্যান/ অফিস প্রধানগণকে অনুরোধ করা হলো। এছড়া তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(দ) উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, ভিজিডি/ VWB এর আওতায় দুঃস্থ ও অসহায় গরীব মহিলাদের বিনামূল্যে প্রতিমাসে ৩০ কেজি হারে পুষ্টি চাউল বিতরণ করা হয়। তিনি আরও বলেন যে, অত্র দপ্তরের আওতায় মা ও শিশু সহায়তা কার্যক্রম চলমান আছে। এ ছাড়াবিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ধ) উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ন) উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, ১৭ মে ২০২৩ তারিখ থেকে " আর্থ সামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ এর প্রশিক্ষণ ও লিষ্টিং কার্যক্রম শুরু হয়েছে এবং বর্তমানে জরিপের মূলকাজ চলমান রয়েছে। এছড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(প) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগের ঋণ প্রদানসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ফ) পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ব) ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ** স্টেশন অফিসার, শিবচর, মাদারীপুর, সভাকে জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর পুরাতন নম্বর পরিবর্তিত হয়ে নতুন ০১৯১০০২১০৩৬ নাম্বার হয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ভ) ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শিবচর সভাকে জানান যে, শিবচরে সরকারী যাকাত ফান্ডে উত্তোলিত যাকাতের পরিমান ২,২২,২০০/( দুই লক্ষ বাইশ হাজার দুইশত) টাকা যা যাকাত ফান্ড শিরোনামে সোনালী ব্যাংক, শিবচর শাখায় জমা করা হয়েছে। এছাড়া যাকাত উত্তোলনকৃত কাজ চলমান রয়েছে।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ম) জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ** চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা সভাকে জানান যে,তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(য়) উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(র)উপজেলা আইসিটি অফিস :**সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর উপজেলার বেশির ভাগ দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করা নাই। তিনি সকল দপ্তর প্রধানগণকে তার অফিসের স্ব স্ব ওয়েব পোর্টাল সহকারী প্রোগ্রামার এর সহযোগিতায় হালনাগাদ করার জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে :** সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, শিবচর, মাদারীপুর।

**(ল) উপজেলা তথ্য কেন্দ্র সংক্রান্ত আলোচনাঃ**উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**বিবিধ আলোচনা-০১। ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর আলোচনা করেন যে, উপজেলা পরিষদের চেয়ারম্যানের নতুন বাসভবনে ৫টি সিসি ক্যামেরা, শিল্পকলা একাডেমিতে ৫টি ও উপজেলা পরিষদের অভ্যন্তরে ৪টিসহ সর্বমোট ১৪টি সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং নিরাপত্তার সার্থে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা জরুরী প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে সভার সকল সদস্য উপজেলা পরিষদের অভ্যন্তরীন নিরাপত্তা বৃদ্ধি করার জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণে একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহিবল থেকে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়ের বিল পরিশোধ করতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০২ঃ অফিস সরঞ্জাম ক্রয় সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা নির্বাহী অফিসারে অফিস কক্ষ ও সান্ধ্য কালিন অফিস কক্ষের জন্য ০২টি ডেস্কটপ, ০২টি প্রিন্টার, ০২টি মনিটর ও ০২টি ইউপিএস ক্রয় এবং উপজেলা পরিষদের জন্য ০১টি ডেস্কটপ, ০১টি প্রিন্টার, ০১টি মনিটর ও ০১টি ইউপিএস ক্রয় করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে অফিস সরঞ্জাম ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে অফিস সরঞ্জাম ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৩ঃ অফিস আসবাবপত্র ক্রয় সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের জন্য ১৫টি হাতাওয়ালা ফোম চেয়ার, পরিষদ অফিস কক্ষের জন্য ০১ সেট সোফা, উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের জন্য ০১টি বড় সাইজের টেবিল ও ০১(এক)টি অফিস চেয়ার ক্রয় করার বিষয়ে আলোচনা কর্া হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে আসবাবপত্র ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে আসবাবপত্র ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৪ঃ অপ্রত্যাশিত খাতে ব্যয় সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা চেয়ারম্যান জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে প্রাকৃতি দুযোর্গ ও অগ্নিকার্ডে ক্ষতিগ্রস্থদের রাজস্ব তহবিল থেকে ব্যয় করার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী অপ্রত্যাশিত খাতে ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে অপ্রত্যাশিত খাতে ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৫ঃ বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপজেলা পরিষদের বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ করার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৬ঃ নিরাপদ খাদ্য সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা পরিষদের মাসিক সভায় নিরাপদ খাদ্য নিয়ে আলোচনার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের সকল সদস্য খাদ্যে ভেজাল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্তঃ** নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা এবং সচেতনতা সৃষ্টির মাধ্যমে খাদ্যে ভেজাল প্রতিরোধ করতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), ভোক্তা অধিদপ্তর ও বণিক সমিতি শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৭ঃ জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনাঃ** মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় তথ্য বাতায়ন উদ্বোধন করেছেন এবং তথ্য বাতায়নে নিয়মিত তথ্য আপলোড করার নির্দেশ প্রদান করেছেন। সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে সকল বিভাগীয় প্রধান ও ইনোভেশন টিমের সদস্যগণ এবং ইউনিয়ন পরিষদের সকল উদ্যোক্তাগণকে নিয়মিত ওয়েব পোর্টালে সংযোজিত তথ্যসমূহের গুনগত মান যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগন ও উদ্যোক্তগণ নিয়মিত তথ্য বাতায়নে সংযোজিত তথ্যসমূহ যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন।

**বাস্তবায়নেঃ** ১। উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ।
২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) শিবচর,মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৮ ঃ উপজেলা রিসোর্স সেন্টারঃ** উপজেলা ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, শিবচর, মাদারীপুর বলেন যে, তার অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সভাপতি বলেন, ইউনিয়ন পর্যায়ে যে সকল প্রকল্প আছে তা ১৪জুনের মধ্যে কাজ শেষ করতে হবে। কাজের মান যেন সন্তোষজনক হয় সেদিকে খেয়াল রাখার জন্য তিনি সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে নির্দেশনা দেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আঃ লতিফ মোল্লা)
চেয়ারম্যান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.২২-৩৭৪ তারিখঃ ২৩-০৫-২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১।

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৫। জেলা প্রশাসক, মাদারীপুর।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শিবচর, মাদারীপুর।

৭। মেয়র, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।

৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

৯। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।

১০। চেয়ারম্যান .........................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।

১১। জনাব ............................................... শিবচর, মাদারীপুর।

১২। অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর,মাদারীপুর।